

অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (১ম সংশোধিত)

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

“পল্লী ভবন”

৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।



স্মারক নং-৪৭.৬২.০০০০.৯০৬.০৫.০৮১.১৬.২০৮

তারিখ:

০৭ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ

২০ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

উপজেলা-----।

জেলা-----।

বিষয়: “অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের শুরু থেকে মে/২০২২ খ্রি: পর্যন্ত বছর ভিত্তিক (জুলাই-জুন) মাঠ পর্যায়ে বাস্তবায়িত কার্যক্রমসমূহের সমাপ্ত প্রতিবেদন ও ব্যয় বিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রকল্পের অঙ্গভিত্তিক বার্ষিক লক্ষ্যমাত্রা ও ছাড়কৃত অর্থ বিবেচনায় মাঠ পর্যায়ে বাস্তবায়িত কার্যক্রমসমূহ সম্পন্ন পূর্বক সমাপ্ত প্রতিবেদন ও ব্যয় বিবরণী প্রকল্প সদর দপ্তরে প্রেরণের নির্দেশনা রয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, নির্দেশনা থাকা সত্ত্বেও মাঠ পর্যায়ে বাস্তবায়িত কার্যক্রমসমূহের তথ্য নিয়মিতভাবে প্রকল্প দপ্তরে প্রেরণ করা হচ্ছে না। নির্দিষ্ট সময়ে তথ্য প্রেরণ না করায় একদিকে যেমন প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম মনিটরিং এ সমস্যা হচ্ছে অন্যদিকে প্রশাসনিক মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশনসহ সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর কর্তৃক চাহিত তথ্য প্রদানে জটিলতা ও দীর্ঘসূত্রিতার সৃষ্টি হচ্ছে। এজন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট বিভাগীয় ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে। তাছাড়া প্রকল্পের শুরু থেকে বছর ভিত্তিক বাস্তবায়িত কার্যক্রমসমূহের ডাটাবেজ প্রণয়নের কাজ চলমান রয়েছে। সুতরাং আপনার উপজেলাধীন প্রকল্পভুক্ত ইউনিয়নে অঙ্গভিত্তিক কার্যক্রম আগামী ৩১/০৫/২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করত: (যেমন: ভিডিও, প্রশিক্ষণ, স্কীম ইত্যাদি) তথ্য উপাত্তের সফটকপি ও হার্ডকপি (ছবিসহ) সংযুক্ত ছক মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ৩১/০৫/২০২২ খ্রি: তারিখের মধ্যে প্রকল্প দপ্তরে ডাকযোগে ও ই-মেইল (prdp3.brdb@yahoo.com) এর মাধ্যমে প্রেরণ করার জন্য বলা হলো।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি: ছক ০১ (প্রস্থ)।

২০.০৪.২০২২  
তপন কুমার মন্ডল  
প্রকল্প পরিচালক

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯০৬.০৫.০৮১.১৬.২০৮

তারিখ:

০৭ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ

২০ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। ইউডিও/ইউডিও'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পিআরডিপি-৩, বিআরডিবি-----,-----।
- ২। উপপরিচালক, বিআরডিবি----- (বিষয়টি নিবিড়ভাবে তদারকির অনুরোধসহ)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৪। অফিস কপি।

২৪/০৪/২০২২  
সেখ আমিনুর ইসলাম  
উপপরিচালক

১। জেলার নাম:

২। উপজেলার নাম:


৩। প্রকল্পের শুরু (জুলাই/২০১৫) থেকে জুন/২০২২ খ্রি: তারিখ পর্যন্ত স্কীম খাতে মোট বরাদ্দের পরিমাণ:

৪। বরাদ্দের বিপরীতে বাস্তবায়িত স্কীমের সংখ্যা:

৫। বরাদ্দ অনুযায়ী স্কীম বাস্তবায়ন না হয়ে থাকলে তার কারণ:

স্কীমের তথ্য:

ক্র: নং	ইউপি'র নাম	ভিডিসি'র নাম	স্কীমের ধরণ	অর্থবছর	বরাদ্দকৃত টাকার পরিমাণ	ব্যয়				অব্যয়িত	ফেরত/অন্যত্র স্থানান্তর (যদি থাকে)	এসআইটি সভাপতির নাম	মোবাইল নম্বর	মন্তব্য
						প্রকল্পে অংশ	ভিডিসি'র অংশ	ইউপি'র অংশ	মোট					
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
মোট														

  
২৪/০৪/২২  
সেখ আমিনুর ইসলাম  
উপপরিচালক  
পিআরডিপি-৩, বিআরডিবি, ঢাকা